# AKASHVANI(AIR)
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 21-06 2026** **Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, মানসিক সুস্থতা থেকে শারীরিক সুস্থতার পথে যোগের ভূমিকার ওপর জোর দিয়েছেন।

তিনি আজ কলকাতার রেড রোডে দ্বাদশ আন্তর্জাতিক যোগ দিবসের মূল অনুষ্ঠানে নেতৃত্ব দেন।

২) প্রধানমন্ত্রী আজ কলকাতায় সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে তৈরি ভারতীয় নৌবাহিনীর কাজের জন্য তিনটি জাহাজ দেশবাসীর উদ্দেশ্যে উৎসর্গ করেছেন।

৩) রাজ্যে নতুন বিজেপি সরকার আগামীকাল তাদের প্রথম বাজেট পেশ করবে।

৪) জলপাইগুড়ির উল্লাডাবরী এলাকায় এক মর্মান্তিক পথ দুর্ঘটনায় ৬ জনের মৃত্যু হয়েছে, আহত ২৫ জন।

৫) দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু সক্রিয় হওয়া উত্তরবঙ্গের চার জেলায় অতি ভারী বৃষ্টির লাল সতর্কতা জারি। কলকাতা ও পার্শ্ববর্তী এলাকায়তেও বৃষ্টির সম্ভাবনা।

০০০০০০০০০০০০০০০০০০০০০

বিশ্বজুড়ে আজ আন্তর্জাতিক যোগ দিবস উদযাপিত হচ্ছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কলকাতায় রেড রোডে দ্বাদশ আন্তর্জাতিক যোগ দিবসের মূল অনুষ্ঠানে নেতৃত্ব দেন। হাজার হাজার মানুষ তাঁর সঙ্গে এই যোগভ্যাসে সামিল হন। প্রধানমন্ত্রী যোগ অনুশীলনকারীদের সঙ্গে নিজেও যোগ ব্যায়মে অংশ নেন।

তিনি, মানসিক সুস্থতা থেকে শারীরিক সুস্থতার পথে যোগের ভূমিকার ওপর জোর দিয়েছেন। এবারের আন্তর্জাতিক যোগ দিবসের মূল ভাবনা "বার্ধক্যেও সুস্থ জীবনযাপনের জন্য যোগ"। প্রধানমন্ত্রী যোগ অনুশীলনের মাহাত্ম তুলে ধরে শ্রীরামকৃষ্ণ পরমহংসদেব, স্বামী বিবেকানন্দ, ঋষি শ্রী অরবিন্দ, কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর ও শ্যামাচরণ লাহিড়ীর কথা উল্লেখ করেন।

(বাইট – প্রধানমন্ত্রী)

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন, যোগব্যায়ম কেবল শারীরিক অনুশীলন নয়, এটি কোন নির্দিষ্ট বয়েস সীমাবদ্ধ থাকে না, বরং এটি হলো মানব আত্মারই অভিব্যক্তি। তিনি বলেন, ২১-শে জুন পৃথিবীর কিছু অংশে দীর্ঘতম দিন হিসেবে পরিচিত হলেও আজ যোগব্যায়ম উপলক্ষ্য করে এটি বিশ্বের বৃহত্তম সামাজিক উদযাপনের দিনে পরিণত হয়েছে। যোগ অনুশীলন বিশ্বশান্তির পথ প্রদর্শনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করার ক্ষমতা রাখে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন, আন্তর্জাতিক যোগ দিবসের মাধ্যমে যোগাভ্যাস রাজ্যে ফিরে এসেছে। এতোদিন রাজ্যের মানুষকে যোগ দিবসের অনুষ্ঠান থেকে বঞ্চিত রাখা হেয়েছিল বলে তিনি অভিযোগ করেন। যোগ দিবসের জন্য রাজ্যে আড়াই লক্ষের বেশি রেজিস্ট্রেশন হয়েছে বলে তিনি জানান।

(বাইট – মুখ্যমন্ত্রী)

রেড রোডের অনুষ্ঠানে রাজ্যপাল আর এন রবি, কেন্দ্রীয় আয়ুষ প্রতিমন্ত্রী প্রতাপ রাও যাদব, রাজ্যের উচ্চ-শিক্ষামন্ত্রী জগন্নাথ চট্টোপাধ্যায় প্রমুখ উপস্থিত ছিলেন।

০০০০০০০০০০০০০০০০০

১২ তম আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষ্যে রাজ্যের জেলাজুড়ে যোগ উৎসবে অংশ নিয়েছেন বাংলার বিভিন্ন প্রান্তের মানুষ। সরকারি অফিস থেকে শিক্ষা প্রতিষ্ঠান, সর্বত্রই যোগাভ্যাস কর্মসুচিতে জনসাধারণের যোগদান ছিল চোখে পড়ার মতো।

ভারতীয় পুরাতত্ব সংস্থা ASI এর আয়োজনে আজ বাঁকুড়ার বিষ্ণুপুর রাস মঞ্চে আন্তর্জাতিক যোগ দিবসের অনুষ্ঠানে হাজির ছিলেন স্কুল কলেজ পড়ুয়া, সরকারী আধিকারিক কমী, এন সি সি ও বিভিন্ন বিভাগের প্রায় পাঁচ শতাধিক অংশগ্রহণকারী।

ASI-এর রায়গঞ্জ সার্কেলের মূর্শিদাবাদের হাজারদুয়ারী প্যালেসে যোগ দিবসের অনুষ্ঠানে জেলার বিভিন্ন পান্তের স্কুল-কলেরজের পড়ুয়া, ASI-এর কর্মী এবং নবাব পরিবারের সদস্যরাও সামিল হন।

শান্তিনিকেতনের বিশ্বভারতীতে শিক্ষার্থী ও অধ্যাপকদের সঙ্গে আজ সকালে যোগাভ্যাসে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার।

শিলিগুড়ি পুর নিগমের উদ্যোগে শিলিগুড়ি ইন্ডোর স্টেডিয়ামে অনুষ্ঠিত হয় বিশ্বে যোগ দিবসের বিশেষ অনুষ্ঠান।

পূর্ব মেদিনীপুরের দীঘায় শ্রীশ্রী জগন্নাথ কালচারাল সেন্টারে আজ সকালে বিপুল উৎসাহ উদ্দীপনা ও ভক্তি সহকারে পালিত হয় আন্তর্জাতিক যোগ দিবস। ইসকনের সন্ন্যাসী, ভক্ত, মন্দির কর্মী সমবেতভাবে সেখানে যোগ দিবসে অংশ নেন।

বেলুড় মঠের খুব কাছে আজ হাওড়ার বালি দুর্গাপুর- অভয়নগর এক নম্বর গ্রাম পঞ্চায়েতে সমবায় পল্লী জাগরণী ক্লাবের সদস্যরাও আজ সকালে বর্ণাঢ্য এক অনুষ্ঠানের মধ্যে দিয়ে যোগ চর্চায় সামিল হন।

দক্ষিণ ২৪ পরগণার গঙ্গাসাগরে কপিলমুনির আশ্রম চত্বরে মহাসমারোহে পালিত হয় আন্তর্জাতিক যোগ দিবস। পাথরপ্রতিমা ও রায়দিঘির বিভিন্ন প্রান্তে বনদপ্তরের উদ্যোগে যোগাভ্যাসের পাশাপাশি ম্যানগ্রোভ চারা রোপণ কর্মসূচি পালিত হয়।

হাওড়া, হুগলী, নদীয়া, মালদা, পূর্ব বর্ধমান, উত্তর দিনাজপুর সহ একাধিক জেলায় বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানে, প্রশাসনিক উদ্যোগে পালিত হয় যোগ দিবস।

ooooooooooooooooo

রেড রোডে প্রধানমন্ত্রীর কর্মসূচীতে অংশ নেন পূর্ব রেলের মহা প্রবন্ধক মিলিন্দ দেওস্কর। ওই রেলের সদর দফতর বেলভেডিয়ার রেলওয়ে ক্লাবে আন্তর্জাতিক যোগ দিবস উদযাপন করা হয়। চারটি ডিভিশন ও তিনটি ওয়ার্কশপজুড়েই দিনটি পালিত হয়েছে। ২০ হাজারের বেশি অংশগ্রহণকারী এই কর্মসূচীতে যোগ দেন। পূর্ব রেলের চারটি বিভাগের গুরুত্বপূর্ণ স্টেশনগুলিতেও যোগাভ্যাস সেশন পরিচালিত হয়। রেলের হাইস্কুল, হাসপাতাল, রেলের সুরক্ষা বাহিনী ও বিভিন্ন বিভাগের কর্মচারীরাও যোগ কর্মসূচীতে অংশ নেন।

কলকাতা মেট্রো রেলও আজ যথাযোগ্য মর্যাদায় আন্তর্জাতিক যোগ দিবস পালন করে।

দক্ষিণ-পূর্ব রেলের পক্ষ থেকে খড়গপুর, আদ্রা, চক্রধরপুর, রাঁচি ডিভিশনেও যোগ দিবস উদযাপন করা হয়।

উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের মুখ্য কার্যালয় মালিগাঁও-এর রেলওয়ে ইন্ডোর স্টেডিয়ামে আয়োজিত হয় যোগ দিবসের বিশেষ অনুষ্ঠান।

০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কলকাতায় সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে তৈরি ভারতীয় নৌবাহিনীর কাজের জন্য তিনটি জাহাজ— 'আইএনএস দুনাগিরি', 'আইএনএস সংশোধক' এবং 'আইএনএস অগ্রয়' দেশবাসীর উদ্দেশ্যে উৎসর্গ করেছেন। নৌবাহিনীর 'ওয়ারশিপ ডিজাইন ব্যুরো'-র নকশা করা এই জাহাজগুলি নির্মাণ করেছে 'গার্ডেন রিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স'। এই জাহাজগুলি নৌসেনার যুদ্ধকালীন তৎপরতা, জললেখচিত্র সংক্রান্ত সমীক্ষা অর্থাৎ হাইড্রোগ্রাফিক সার্ভে এবং সাবমেরিন-বিরোধী যুদ্ধ ক্ষমতাকে আরও শক্তিশালী করবে।

অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন দেশীয় নকশা ও প্রযুক্তিতে নির্মিত জাহাজগুলি ভারতের আত্মনির্ভরতার প্রতীক।

প্রধানমন্ত্রী আরও বলেন ভারত নিজের সামুদ্রিক ক্ষেত্র ও নিরাপত্তা মজবুত করতে, বন্দরগুলির আধুনিকীকরণে নানা উদ্যোগ নিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা সহ দেশের ৫৫১ টি শহর এবং বিদেশের ১৪ টি শহরের ৫ হাজারেরও বেশি কেন্দ্রে কড়া নিরাপত্তার মধ্যে স্নাতক স্তরে মেডিকেলে ভর্তির অভিন্ন প্রবেশিকা পরীক্ষা, নিট ইউজি ২০২৬ আজ অনুষ্ঠিত হয়েছে। পরীক্ষার্থীর সংখ্যা ছিল ২২ লক্ষ ৭৯ হাজারেরও বেশি। ইংরেজী ছাড়াও আরও ১২ টি ভারতীয় ভাষায় পরীক্ষা নেওয়া হয়েছে। দুপুর দুটো থেকে বিকেল ৫ টা ১৫ পর্যন্ত চলে পরীক্ষা।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের নতুন বিজেপি সরকার আগামীকাল তাদের প্রথম বাজেট পেশ করবে। দুপুর ১২ টায় বিধানসভায় বাজেট পেশ করবেন অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত। নির্বাচনের আগে দেওয়া বিভিন্ন প্রতিশ্রুতির বাস্তবায়ন এবং রাজ্যের ঋণের বোঝা সামাল দিতে বাজেটে নতুন সরকার কোন দিশা দেখাবে সেদিকে তাকিয়ে আছেন রাজ্যের মানুষ। একটি প্রতিবেদন।

(ভয়েসকাস্ট – অভিরূপ)

oooooooooooooooooooo

উত্তরবঙ্গের জলপাইগুড়ি জেলার উল্লাডাবরী এলাকায় এক মর্মান্তিক পথ দুর্ঘটনায় ৬ জনের মৃত্যু হয়েছে, আহত ২৫ জন। উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের একটি সরকারি বাস আজ বেলা ১১টা নাগাদ, ময়নাগুড়ি থেকে দোমোহনি যাওয়ার পথে নিয়ন্ত্রণ হারিয়ে দাঁড়িয়ে থাকা একটি লরির পিছনে সজরে ধাক্কা মারে। ঘটনাস্থলেই মৃত্যু হয় একজনের।

খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছয় পুলিশ ও প্রশাসনের পক্ষ থেকে উদ্ধারকারী দল। যুদ্ধকালীন তৎপরতায় আহতদের উদ্ধার করে জলপাইগুড়ি মেডিকেল কলেজ ও হাসপাতালে নিয়ে যাওয়া হয়। জলপাইগুড়ি জেলা পুলিশ সুপার সুজাতা কুমারী বীণাপাণি জানিয়েছেন, দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন ৬ জন। আহত কয়েক জনের অবস্থা আশঙ্কাজনক।

ooooooooooooooooooo

পূর্ব বর্ধমানের রায়নায় এক নম্বর ব্লক তৃণমূল কংগ্রেস সভাপতি বামদেব মন্ডল ও তার সঙ্গী নিজামুদ্দিন শেখকে পুলিশ গ্রেফতার করেছে। বামদেবের বিরুদ্ধে অস্ত্র ও বিস্ফোরক আইন, শ্লীলতাহানি, সরকারী সম্পত্তি নষ্ট করা এবং খুনের মতো নানা

অভিযোগে ২০০৮ থেকে ২০২৪ সাল পর্যন্ত ১৩-টি মামলা রয়েছে। ধৃতদের আজ বর্ধমান আদালতে পেশ করা হলে বিচারক পাঁচদিনের পুলিশী হেফাজতের নির্দেশ দেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম মেদিনীপুরের ডেবরা থানায় আজ তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জির আপ্ত সহায়ক সুমিত রায়ের বিরুদ্ধে চাকরির দুর্নীতি সংক্রান্ত মামলায় অভিযোগ দায়ের হয়েছে। এর আগে, জমি দুর্নীতি সংক্রান্ত মামলায় মেদিনীপুরের প্রাক্তন বিধায়ক সুজয় হাজরাকে জিজ্ঞাসাবাদের সময়ে সুমিত রায়ের প্রসঙ্গ উঠে আসে। তার নামে গ্রেফতারি পরোয়ানাও জারি করা হয়েছে। যদিও সুমিত রায় এখনও নিখোঁজ।

০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা পুরসভা শহরের সুরাবর্দী অ্যাভিনিউর নাম পরিবর্তন করে গোপাল মুখার্জি রোড নামকরণের সিদ্ধান্ত নিয়েছে। গতকাল এক বিজ্ঞপ্তিতে এই সিদ্ধান্ত জানানো হয়েছে।

এদিকে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী পশ্চিমবঙ্গ দিবসের দিনে কলকাতা পুরসভার এই ঐতিহাসিক সিদ্ধান্তকে সাধুবাদ জানিয়েছেন। সমাজ মাধ্যমে তিনি বলেন,

রাজ্যে এখন প্রকৃত নায়কদের স্মরণ ও ভুল সংশোধন করার এবং সম্মান জানানোর সময় এসেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

গাঙ্গেয়বঙ্গে সক্রিয় দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু সেই সঙ্গে বাতাসে জলীয়বাষ্পের আধিক্যের কারণে উত্তরবঙ্গের হিমালয় সংলগ্ন চার জেলা জলপাইগুড়ি কালিম্পং আলিপুরদুয়ার ও কোচবিহারে আজ ভারী থেকে অতি ভারী কোথাও কোথাও অত্যন্ত

ভারী বৃষ্টির লাল সর্তকতা জারি করা হয়েছে। দার্জিলিং জেলায় রয়েছে কমলা সতর্কতা। সেই সঙ্গে আগামী সাতদিনই জেলাগুলিতে বৃষ্টির পূর্বাভাস জানিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। কলকাতা সহ দক্ষিণবঙ্গের সব জেলাতেই আগামী কয়েক দিন হালকা থেকে মাঝারি বৃষ্টি হবে। বিশেষ করে উত্তর দক্ষিণ 24 পরগনা, পূর্ব বর্ধমান, পূর্ব-পশ্চিম মেদিনীপুরে আজ তীব্র বজ্রপাত ও ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া সহ বিক্ষিপ্তভাবে বৃষ্টির কমলা সতর্কতা রয়েছে।

কলকাতা ও আশপাশের এলাকাতেও বৃষ্টি হবে বলে আবহবিজ্ঞানী অন্বেষা ভট্টাচার্য আকাশবাণীকে জানিয়েছেন।

এদিকে, আজ সকাল সাড়ে আটটা থেকে বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত আলিপুরে প্রায় ৬২ মিলিমিটার বৃষ্টি রেকর্ড করা হয়েছে। বৃষ্টিতে কলকাতার বহু রাস্তা জলমগ্ন হয়ে পড়ে। জল জমার কারণে নিট পরীক্ষার্থীদেরও অসুবিধায় পড়তে হয়।চাঁদনি চকের রাস্তায় একটি গাছ ভেঙে পড়ায় সেন্ট্রাল অ্যাভিনিউয়ে বেশ কিছুক্ষণ বন্ধ ছিল যান চলাচল।

oooooooooooooooooooo

oooooooooooooooooooo